গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা -৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অননুমোদিত নতুন অগ্রাধিকার প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মাহফুজুল আলম খান সচিব (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	২৭ অক্টোবর ২০২৬
সভার সময়	বেলা ১২:৩০ মিনিট
স্থান	সভাকক্ষ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন যে, বর্তমান ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মোট ২২টি প্রকল্প সবুজপাতায় অন্তর্ভুক্ত রয়েছে। তন্মধ্যে জাতীয় ক্রীড়া পরিষদের দুইটি প্রকল্প ইতোমধ্যে পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। তিনি আরও জানান যে, বিগত ২৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ দ্রুত অনুমোদন প্রক্রিয়াকরণের বিষয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী অননুমোদিত নতুন অগ্রাধিকার প্রকল্পসমূহের প্রক্রিয়াকরণসহ পরিকল্পনা কমিশনে নিয়মিত যোগাযোগপূর্বক প্রকল্পসমূহের অনুমোদন এবং বাস্তবতা ও প্রয়োজনীয়তার আলোকে নতুন প্রকল্প প্রণয়নের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সকলকে অনুরোধ জানান। অত:পর সভায় অননুমোদিত নতুন প্রকল্পসমূহের প্রক্রিয়াকরণ অগ্রগতির তথ্য বিস্তারিত উপস্থাপন করা হয়।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অননুমোদিত নতুন অগ্রাধিকার প্রকল্পের বিষয়ে নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	প্রকল্পের নাম, মেয়াদ ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	কার্যক্রম বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/উইং
	(ক) অননুমোদিত নতুন অগ্রাধিকার প্রকল্প			
০১	বিকেএসপি ও বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুরে হকি টার্ফ স্থাপন এবং অন্যান্য ভৌত অবকাঠামোর উন্নয়ন। মেয়াদ: জুলাই ২০২৬- জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৩৩৬৩.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **বিকেএসপি**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পের অনুকূলে অর্থ বিভাগ কর্তৃক অর্থায়নের সম্মতি প্রদান করা হয়েছে। প্রকল্পের জনবল প্রস্তাবের উপর অর্থ বিভাগে 'প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি' সভা গত ০১-১০-২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের প্রস্তাবিত ৬টি পদের জনবল সুপারিশ করা হয়। সে আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন কার্যক্রম বিকেএসপি'তে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	জনবল অনুমোদনের সভার কার্যবিবরণী অনুযায়ী প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বিকেএসপি/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

০২	বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস এন্ড রিসার্চ (BISR) প্রতিষ্ঠা বাস্তবায়নকবারী সংস্থা: **বিকেএসপি**	বিকেএসপি কর্তৃক 'বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস এন্ড রিসার্চ' (BISR) প্রতিষ্ঠার লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষার মেয়াদ বৃদ্ধি, ToR সংশোধন এবং সমীক্ষা কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় বিকেএসপি'র প্রস্তাবের প্রেক্ষিতে সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের সময় নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সভাপতি কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বিকেএসপি/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৩	ময়মনসিংহ ও রাঙ্গামাটি জেলায় বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নকবারী সংস্থা: **বিকেএসপি**	প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১২ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় ময়মনসিংহের কলসিন্দুর এবং রাঙ্গামাটিতে বিকেএসপি নির্মাণ না করে কক্সবাজার বিকেএসপিকে আধুনিকায়ন করে বাংলাদেশ স্পোর্টস রিসার্স ইনস্টিটিউট এ রূপান্তর করার নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি কর্তৃক প্রকল্পটি প্রক্রিয়াকরণ স্থগিত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	(ক) প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণ স্থগিত রাখতে হবে। (খ) কক্সবাজার বিকেএসপিকে আধুনিকায়ন করে বাংলাদেশ স্পোর্টস রিসার্চ ইনস্টিটিউট করতে হবে।	বিকেএসপি/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৪	ঢাকা বিকেএসপিসহ বিকেএসপি'র আঞ্চলিক কেন্দ্রসমূহের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি বাস্তবায়নকবারী সংস্থা: **বিকেএসপি**	প্রকল্পের প্রাথমিক ডিপিপির উপর গত ০৫/১০/২০২৬ তারিখে মন্ত্রণালয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতি পর্যালোচনা সভার আলোকে ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	পর্যালোচনা সভার আলোকে প্রয়োজনীয় অঙ্গ অন্তর্ভুক্তসহ ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বিকেএসপি/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

০৫	ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন বিদ্যমান ০৬টি সরকারি শারীরিক শিক্ষা কলেজের অবকাঠামো সংস্কার ও উন্নয়ন। বাস্তবায়নকারী সংস্থা: **ক্রীড়া পরিদপ্তর**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন বিদ্যমান ঢাকা, রাজশাহী ও বাগেরহাট সরকারি শারীরিক শিক্ষা কলেজের অবকাঠামো সংস্কার ও উন্নয়নে ৪৭৪৪.৫৩ লক্ষ টাকা ব্যয়ে ডিপিপি পুনর্গঠনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের যাচাই সভা গত ১৪ জুন ২০২৬ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের করে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। প্রকল্পের জনবল অনুমোদনের জন্য অর্থ বিভাগে ০৭/০৭/২০২৬ খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয়। অর্থ বিভাগ হতে ১৮/১০/২০২৬ খ্রি. তারিখে প্রকল্পের অনুকূলে ০২ টি পদের জনবল অনুমোদন করা হয়েছে। সভাপতি অর্থ বিভাগএর জনবল কমিটির সুপারিশের আলোকে প্রকল্পের ডিপিপি দ্রুত পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	জনবল অনুমোদনের সভার কার্যবিবরণী অনুযায়ী প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক, ক্রীড়া পরিদপ্তর/উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৬	দেশের সকল মহানগরীতে শিক্ষিত যুবদের কেয়ারগিভিং ও ভাষা দক্ষতার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি বাস্তবায়নকাল: জুলাই ২০২৬ হতে জুন ২০৩১ প্রাক্কলিত ব্যয়: ৬৭৭৫৭.৮০ লক্ষ টাকা প্রকল্প এলাকা: ১৩টি সিটি কর্পোরেশন বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পটির ডিপিপি আর্থসামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ১২.১০.২০২৬ খ্রি. তারিখে প্রকল্পটির ওপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি পিইসি সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত ডিপিপি পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	পিইসি সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত ডিপিপি পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

০৭	শারীরিক ও মানসিকভাবে অক্ষম নাগরিকদের সেবা প্রদানের জন্য কেয়ারগিভার তৈরি। মেয়াদ: জানুয়ারি ২০২৬ - ডিসেম্বর ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৪৮৯০.০০ লক্ষ টাকা প্রকল্প এলাকা: ১৮টি জেলা বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অননুমোদিত নতুন অগ্রাধিকার প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট ০৪ আগস্ট ২০২৬ তারিখের সভায় (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত) 'শারীরিক ও মানসিকভাবে অক্ষম নাগরিকদের সেবা প্রদানের জন্য কেয়ারগিভার তৈরি' প্রকল্পটি পৃথকভাবে প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরে ১৫-০৯-২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। ডিপিপি পুনর্গঠন যুব উন্নয়ন অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি দ্রুত ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের ডিপিপি পুনর্গঠনপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৮	কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায় প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (২য় পর্ব)। মেয়াদ: জুলাই ২০২৪ -জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ৩১০১৯.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পের মাধ্যমে উপজেলা পর্যায়ে ৩,৬৬,৫৪০ জন যুবকে দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান/কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে। প্রকল্পের উপর গত ১২-০২-২০২৬ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত পিইসি সভার সুপারিশ এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের পর্যবেক্ষণের আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে এ মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে গত ২৭-০৯-২০২৬ তারিখে প্রেরণ করা হয়। আর্থসামাজিক অবকাঠামো বিভাগ ১৮-১০-২০২৬ তারিখ কিছু পর্যাবেক্ষণ প্রদান করে পত্র প্রেরণ করেছ। সভায় উক্ত পত্রের পর্যবেক্ষণ অনুযায়ী ডিপিপি পুনর্গঠনপূর্বক আর্থসামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	আর্থসামাজিক অবকাঠামো বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী ডিপিপি পুনর্গঠনপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৯	সমগ্র দেশে কর্মপ্রত্যাশী যুবদের মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি বাস্তবায়নকাল: অক্টোবর ২০২৬ হতে জুন ২০৩১ বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	এ মন্ত্রণালয় হতে প্রকল্পটির কতিপয় বিষয়াদি উল্লেখ করে যুব উন্নয়ন অধিদপ্তরে ১৬ আগস্ট ২০২৬ তারিখে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি যুব উন্নয়ন অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি প্রকল্পটির ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের নতুন নাম অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে দ্রুত মন্ত্রালয়ে প্রেরণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১০	যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়)। মেয়াদ: জানুয়ারি ২০২৬ - ডিসেম্বর ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ১৯১৪৮.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পের আওতায় ৬৪ জেলায় মোট ২৭,৩৬০ জন যুবকে গাড়ি চালনা প্রশিক্ষণ প্রদান করে আত্ম-কর্মসংস্থান/কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে। প্রকল্পটির ওপর গত ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। অর্থ বিভাগ হতে গত ২০ এপ্রিল ২০২৬ তারিখে প্রকল্পের জনবল অনুমোদন এবং প্রকল্পের ১টি গাড়ি হায়ারিং-এ সম্মতি প্রদান করা হয়। প্রকল্পের ডিপিপি এ মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে গত ১১-১২-২০২৫ তারিখে প্রেরণ করা হলে উক্ত বিভাগ হতে প্রকল্পের ডিপিপির কিছু ত্রুটি বিচ্যুতি উল্লেখ করে ডিপিপি পুনর্গঠনের জন্য ১৩.০১.২০২৬ তারিখের পত্রে অনুরোধ জানানো হয়। এ আলোকে প্রকল্পের ডিপিপি পুর্নগঠন কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।	ক) আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের পত্রের আলোকে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশপূর্বক ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। খ) সমাপ্তকৃত প্রথম পর্যায়ের প্রকল্পের মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের জন্য আইএমইডিতে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১১	দেশের সকল মহানগরীতে কর্মহীন যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি বাস্তবায়নকাল: জুলাই ২০২৬ হতে জুন ২০৩১ প্রাক্কলিত ব্যয়: ৬৫০৩৮.০৮ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পের মাধ্যমে দেশের ১২টি মহানগরীতে মোট ৪৮,০০০ জন যুবকে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান করে আত্ম-কর্মসংস্থান/কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে। প্রকল্পের উপর পিইসি সভা ০২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত পিইসি সভার সুপারিশের আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে এ মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে গত ১৯ অক্টোবর ২০২৬ তারিখে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের জন্য আর্থসামাজিক অবকাঠামো বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পটি অনুমোদনের জন্য আর্থসামাজিক অবকাঠামো বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১২	শিক্ষিত যুবদের উৎপাদিত পণ্য ই-কমার্সের মাধ্যমে বিপনন ও তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদেরকে উদ্যোক্তায় রূপান্তরকরণ প্রকল্প বাস্তবায়নকাল: জুলাই ২০২৬ হতে জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ২০৭০০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পের মাধ্যমে ২৪,১৪০ জন যুবকে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান/কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে। প্রকল্পের ডিপিপি'র কিছু ত্রুটি-বিচ্যুতি উল্লেখ করে ডিপিপি পুনর্গঠনের জন্য এ মন্ত্রণালয় হতে গত ২৪-০২-২০২৫ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। সভাপতি আগামী ০৯/১১/২০২৬ তারিখের মধ্যে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	যাচাই সভার পর্যবেক্ষণের আলোকে ডিপিপি পুনর্গঠন করে ০৯/১১/২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৩	দেশের ০৮টি জেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয় নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণ বাস্তবায়নকারী সংস্থা: **যুব উন্নয়ন অধিদপ্তর**	যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালকের কার্যালয় নির্মাণের জন্য ৮টি জেলায় জমি অধিগ্রহণ প্রকল্পের ডিডিপি প্রণয়ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। ইতোমধ্যে ০৬টি (রাজশাহী, বরিশাল, ফেনী, নড়াইল, ভোলা, গোপালগঞ্জ) জেলা হতে জমি অধিগ্রহণের তথ্য পাওয়া গেছে। ব্রাহ্মণবাড়িয়া এবং নাটোর হতে তথ্যাদি পাওয়া যায়নি। সভাপতি ব্রাহ্মণবাড়িয়া এবং নাটোর জেলা হতে জমি অধিগ্রহণের তথ্যাদি সংগ্রহের নির্দেশনা প্রদান করেন।	অবশিষ্ট ২টি জেলা হতে জমি অধিগ্রহণের তথ্য সংগ্রহ করে দ্রুত প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৪	দেশের ১০টি জেলায় স্পোর্টস ভিলেজ নির্মাণ মেয়াদঃ মার্চ ২০২৬ হতে জুন ২০৩০ প্রাক্কলিত ব্যয়ঃ ১৯০০০০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থাঃ **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** ১০টি জেলায় (নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, ফেনী, পিরোজপুর হবিগঞ্জ, বাগেরহাট/ঝিনাইদহ, বগুড়া, ঠাকুরগাঁও, কুমিল্লা ও রাজবাড়ী জেলার জেলা সদরে এবং ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলায়) ইনডোর ও আউটডোর ইভেন্টের খেলাধুলার মান উন্নয়নের লক্ষ্যে আধুনিক সুবিধা সম্পন্ন ফুটবল, ক্রিকেট, ফুটসাল, আরচ্যারী খেলার মাঠ নির্মাণসহ ইনডোর স্টেডিয়াম এবং ডরমিটরি ভবন নির্মাণ করা হবে। প্রস্তাবিত প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। EOI আহবান প্রক্রিয়াধীন। প্রকল্পের যাচাই সভা গত ১৪ জুন ২০২৬ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে জেলা প্রশাসন, বাগেরহাট, মৌলভীবাজার, ঝালকাঠি, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, ঠাকুরগাঁও, বগুড়া, কুমিল্লা, হবিগঞ্জ ও ফেনী হতে তথ্যাদি পাওয়া গেছে। সভাপতি কর্তৃক আপাতত ১০টি জেলা হতে জমি অধিগ্রহণের তথ্য সংগ্রহ করা রাখার নির্দেশনা প্রদান করা হয়।	ক) জমি অধিগ্রহণের তথ্য সংগ্রহ করে সংরক্ষণ করতে হবে। খ) প্রকল্পটি প্রণয়নের লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৫	উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণের (৩য় পর্যায়) লক্ষ্যে জমি অধিগ্রহণ প্রকল্প মেয়াদ: মার্চ ২০২৬ হতে জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৭৫৭১৭.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** প্রকল্পটির আওতায় উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্য ক্রীড়া অবকাঠামো নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণ করা হবে। অর্থ বিভাগ হতে অর্থায়নের সম্মতি প্রদান করা হয়েছে। প্রকল্পের যাচাই সভা গত ১৪ জুন ২০২৬ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে প্রকল্পের জনবল ও যানবাহন ভাড়া অনুমোদনের জন্য জাতীয় ক্রীড়া পরিষদ হতে প্রস্তাব মন্ত্রালয়ে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণলয় হতে ইতোমধ্যে উক্ত প্রকল্পের জনবল ও যানবাহন ভাড়া অনুমোদনের জন্য অর্থ বিভাগ গত ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে প্রেরণ করা হয়। অর্থ বিভাগে গত ১৯/১০/২০২৬ তারিখে জনবল নির্ধারণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি কর্তৃক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	জনবল কমিটির সভার কার্যবিবরণী অনুযায়ী প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৬	খুলনা জেলাস্থ বিভাগীয় ক্রিকেট স্টেডিয়ামসহ খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স এর অধিকতর উন্নয়ন মেয়াদ: মার্চ ২০২৬ হতে জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ১৩৭০৯.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** খুলনা জেলাস্থ বিভাগীয় বিদ্যমান ক্রিকেট স্টেডিয়ামের অধিকতর উন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিকমানের ক্রিকেট প্রতিযোগিতার উপযোগী ভেন্যু হিসাবে প্রস্তুত করা। বিদ্যমান মহিলা ক্রীড়া কমপ্লেক্সের অধিকতর উন্নয়নের মাধ্যমে মহিলা ক্রীড়াবিদদের বহুবিধ ব্যবহার নিশ্চিত করা। অর্থ বিভাগ হতে অর্থায়নের সম্মতি প্রদান করা হয়েছে। ফিজিবিলিটি স্ট্যাডি এর প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি কর্তৃক ফিজিবিলিটি স্ট্যাডি এর প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী দ্রুত ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	ফিজিবিলিটি স্ট্যাডি এর প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৭	যশোর জেলা শামস-উল-হুদা স্টেডিয়াম এর অধিকতর উন্নয়ন প্রকল্প মেয়াদ: মার্চ ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৪৯০০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** যশোর জেলায় বিভিন্ন ইভেন্টের খেলার মান উন্নয়নসহ খেলোয়াড়দের আবাসন সুবিধা দেয়ার লক্ষ্যে যশোর জেলা স্টেডিয়াম এর অধিকতর উন্নয়ন করা। প্রকল্পের যাচাই সভা গত ১৪ জুন ২০২৬ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অর্থায়নের সম্মতি জন্য মন্ত্রণালয় হতে বিগত ২২ জুলাই ২০২৬ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হলে অর্থ বিভাগ হতে ২৭ আগষ্ট ২০২৬ তারিখে প্রকল্পের অর্থায়নের সম্মতি প্রদান করা হয়েছে। প্রকল্পের জনবল প্রস্তাব অনুমোদনের নিমিত্ত ডিপিপি প্রণয়ন কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি কর্তৃক প্রকল্পের জনবল ও যানবাহন ভাড়া অনুমোদনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের জনবল ও যানবাহন ভাড়া অনুমোদনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৮	বাগেরহাট জেলা স্টেডিয়াম কমপ্লেক্স ডমমেটরি ভবন ও ইনডোর স্টেডিয়াম নির্মাণ প্রকল্প মেয়াদ: মার্চ ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৫০০০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** বাগেরহাট জেলা স্টেডিয়াম কমপ্লেক্সে ডরমেটরি ভবন ও ইনডোর স্টেডিয়াম নির্মাণ করা। প্রস্তাবিত প্রকল্পের ব্যয় প্রাক্কলন চূড়ান্ত করা হয়েছে। ডিপিপি প্রণয়ন কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৯	পিরোজপুর জেলা স্টেডিয়াম কমপ্লেক্সে ডরমিটরি ভবন ও ইনডোর স্টেডিয়াম নির্মাণ প্রকল্প মেয়াদ: মার্চ ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৫০০০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত আছে।** পিরোজপুর জেলায় ইনডোর ইভেন্টের খেলার মান উন্নয়নসহ খেলোয়াড়দের আবাসন সুবিধা দেয়ার লক্ষ্যে ডরমেটরি ভবন এবং ইনডোর স্টেডিয়াম নির্মাণ এ প্রকল্পের উদ্দেশ্য। প্রকল্পের যাচাই সভা গত ১৪ জুন ২০২৬ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অর্থায়নের সম্মতি জন্য মন্ত্রণালয় হতে বিগত ২২ জুলাই ২০২৬ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হলে অর্থ বিভাগ হতে ২৭ আগস্ট ২০২৬ তারিখে প্রকল্পের অর্থায়নের সম্মতি প্রদান করা হয়েছে। ডিপিপি প্রণয়ন কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি কর্তৃক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২০	প্রতিটি ইউনিয়নে একটি করে খেলার মাঠ নির্মাণ/উন্নয়ন বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	সরকারের নির্বাচনী ইশতেহার মোতাবেক দেশের প্রতিটি ইউনিয়নে একটি করে খেলার মাঠ নির্মাণ/উন্নয়নের লক্ষ্যে প্রাথমিক প্রাক্কলন, এলাকা নির্বাচন এবং মাস্টার প্ল্যান প্রস্তুতের জন্য ফিজিবিলিটি স্ট্যাডি সম্পাদনের লক্ষ্যে EOI আহবান করা হয়েছে। সভাপতি দ্রুত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্প প্রণয়নের লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি'র সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২১	জাতীয় ক্রীড়া পরিষদের বিদ্যমান জমিতে ১৩টি ফুটসাল মাঠ নির্মাণ বাস্তবায়নকালঃ অক্টোবর ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়ঃ ৪৯০৭.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থাঃ **জাতীয় ক্রীড়া পরিষদ**	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রকল্পটির উপর প্রকল্প যাচাই কমিটির সভা গত ০৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। প্রকল্পটি সবুজপাতায় অন্তর্ভুক্তির লক্ষ্যে মন্ত্রণালয় হতে গত ২৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখে প্রস্তাব আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া অর্থায়নের সম্মতির জন্য গত ২৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি সবুজপাতায় অন্তর্ভুক্তির নিমিত্ত পরিকল্পনা কমিশনে গত ১৪ অক্টোবর ২০২৬ তারিখে আন্তমন্ত্রালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২২	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর পল্লবী এলাকায় ০৪ (চার)টি ফুটসাল মাঠ এবং ২ (দুই)টি সুইমিংপুল নির্মাণ বাস্তবায়নকালঃ অক্টোবর ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়ঃ ২৫২৯.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থাঃ **জাতীয় ক্রীড়া পরিষদ**	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রকল্পটির উপর যাচাই কমিটির সভা গত ০৩-০৯-২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। প্রকল্পটি সবুজপাতায় অন্তর্ভুক্তির লক্ষ্যে মন্ত্রণালয় হতে গত ২৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে প্রস্তাব আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া অর্থায়নের সম্মতির জন্য গত ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি সবুজপাতায় অন্তর্ভুক্তির নিমিত্ত পরিকল্পনা কমিশনে গত ১৪/১০/২০২৬ তারিখে আন্তমন্ত্রালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগ যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৩	দেশের বিদ্যমান ১৮টি সুইমিংপুল উন্নয়ন ও আধুনিকায়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	প্রকল্পের ডিপিপি জাতীয় ক্রীড়া পরিষদ হতে গত ০৪/১০/২০২৬ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটির যাচাই সভা গত ১২/১০/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভাপতি যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২৪	দেশের বিভিন্ন জেলায় বিদ্যমান জেলা স্টেডিয়াম ও ক্রীড়া অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডির জন্য মন্ত্রণালয় হতে ৮১.৭৫ লক্ষ টাকা প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। সভাপতি কর্তৃক দ্রুত ফিজিবিলিটি স্ট্যাডি'র উদ্যোগ গ্রহণ এবং ডিপিপি প্রস্তুতের প্রাক্কলন প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়।	ক) প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি'র উদ্যোগ গ্রহণ করে দ্রুত ডিপিপি স্তুত করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৫	ভোলা জেলার লালমোহন উপজেলা বীর মুক্তিযোদ্ধা মেজর হাফিজ উদ্দিন (বীর বিক্রম) স্টেডিয়াম এর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ' সেপ্টেম্বর ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৪৩৫৯.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত হয়েছে।** ভোলা জেলার লালমোহন উপজেলা বীর মুক্তিযোদ্ধা মেজর হাফিজ উদ্দিন (বীর বিক্রম) স্টেডিয়াম এর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ' প্রকল্পটির উপর এ মন্ত্রণালয়ে গত ২০/০৮/২০২৬ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অনুকূলে ২৫৬২.০০ লক্ষ টাকা অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে গত ১৪/১০/২০২৬ তারিখে প্রস্তাব প্রেরণ করা হলে অর্থ বিভাগ হতে ২৮/০৯/২০২৬ তারিখে ২০০০.০০ লক্ষ টাকার সম্মতি প্রদান করে। পরবর্তীতে বর্ণিত প্রকল্পের উপর গত ২৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে আরেকটি যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অনুকুলে অতিরিক্ত ২২১৭.০০ টাকাসহ মোট ৪২১৭.০০ লক্ষ টাকা অর্থায়নের সম্মতির জন্য বিগত ১৮ অক্টোবরর ২০২৬ তারিখে প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি কর্তৃক প্রকল্পের অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২৬	কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ এবং নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলা মিনি স্টেডিয়াম উন্নয়ন ও আধুনিকায়ন প্রাক্কলিত ব্যয়: ২৬৭০.০০ লক্ষ টাকা মেয়াদ: সেপ্টেম্বর ২০২৬ হতে জুন ২০২৯ বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত হয়েছে।** জাতীয় ক্রীড়া পরিষদ হতে প্রস্তাবিত ডিপিপি এর উপর এ মন্ত্রণালয়ে গত ২০/০৮/২০২৬ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অর্থায়নের সম্মতির জন্য বিগত ১৫/০৯/২০২৬ তারিখে প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়। অর্থ বিভাগ ২৬৭০.০০ লক্ষ টাকা অর্থায়নের সম্মতি প্রদান করেছে। ইতোমধ্যে প্রকল্পের জনবল প্রস্তাব গত ১৯/১০/২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পের জনবল প্রস্তাব অনুমোদনের জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের জনবল প্রস্তাব অনুমোদনের জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৭	চাঁপাইনবাবগঞ্জ জেলা স্টেডিয়াম (নতুন) এবং সুইমিংপুল এর উন্নয়ন মেয়াদঃ অক্টোবর ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়ঃ ২৪৬৬.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থাঃ **জাতীয় ক্রীড়া পরিষদ**	**প্রকল্পটি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত হয়েছে।** প্রকল্পের ডিপিপির উপর প্রকল্প যাচাই কমিটির সভা গত ১৪ জুন ২০২৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অর্থায়নের সম্মতির জন্য বিগত ১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পের অর্থায়নে সম্মতি পাওয়ার জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের অর্থায়ন অনুমোদনের জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২৮	বগুড়া জেলার শিবগঞ্জ ও গাবতলী উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ বাস্তবায়নকালঃ সেপ্টেম্বর ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়ঃ ৪৪৮০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থাঃ **জাতীয় ক্রীড়া পরিষদ**	প্রকল্পের ডিপিপির ওপর প্রকল্প যাচাই কমিটির সভার গত ১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পটি বর্তমান ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত করার প্রস্তাব এ মন্ত্রণালয় হতে গত ২৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে প্রেরণ করা হয়েছে এবং অর্থায়নের সম্মতির জন্য বিগত ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, প্রকল্পটি সবুজপাতায় অন্তর্ভুক্তির নিমিত্ত পরিকল্পনা কমিশনে গত ১৪/১০/২০২৬ তারিখে আন্তমন্ত্রালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি প্রকল্পটি অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পটি অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৯	বগুড়া জেলার শহীদ চান্দু স্টেডিয়াম-কে আন্তর্জাতিকমানে উন্নীতকরণ বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	ডিপিপি প্রণয়নের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডির জন্য বিয়াম এর সাথে ১০-৯-২৬ খ্রি. তারিখে নেগোশিয়েশন সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে বিয়াম এর সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। ফিজিবিলিটি স্ট্যাডি কার্যক্রম চলমান রয়েছে।	ফিজিবিলিটি স্টাডি দ্রুত সম্পন্ন করে প্রতিবেদনের সুপারিশের আলোকে ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৩০	কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় বিদ্যমান স্টেডিয়াম উন্নয়ন এবং ইনডোর স্টেডিয়াম নির্মাণ বাস্তবায়নকাল: অক্টোবর ২০২৬ হতে জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়ঃ ৩৯৮০.০০ লক্ষ টাকা বাস্তবায়নকারী সংস্থাঃ **জাতীয় ক্রীড়া পরিষদ**	জাতীয় ক্রীড়া পরিষদ হতে প্রস্তাবিত কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় বিদ্যমান স্টেডিয়াম উন্নয়ন এবং ইনডোর স্টেডিয়াম নির্মাণ শীর্ষক প্রকল্পের উপর গত ২৪/০৯/২০২৬ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পটি বর্তমান ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্ত করার প্রস্তাব এ মন্ত্রণালয় হতে গত ১৯ অক্টোবর ২০২৬ তারিখে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে প্রেরণ করা হয়েছে এবং অর্থায়নের সম্মতির জন্য গত ১৯ অক্টোবর ২০২৬ তারিখে তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পটি সবুজপাতায় অন্তভূক্তির জন্য আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে এবং অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পটি সবুজপাতায় অন্তভূক্তির জন্য আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে এবং অর্থায়নের সম্মতির জন্য অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩১	বগুড়া জেলায় আরাফাত রহমান ন্যাশনাল প্যারা স্পোর্টস ভিলেজ স্থাপন **বাস্তবায়নকারী সংস্থাঃ** জাতীয় ক্রীড়া পরিষদ	বগুড়া জেলায় আরাফাত রহমান ন্যাশনাল প্যারা স্পোর্টস ভিলেজ নির্মাণ এর লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্নকরণের নিমিত্ত মন্ত্রণালয় হতে গত ০১/০৯/২০২৬ তারিখে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। এছাড়া উক্ত কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য মন্ত্রণ্যালয় হতে গত ০৩/০৯/২০২৬ তারিখে জেলা প্রশাসক, বগুড়া-কে অনুরোধ জানানো হয়েছে। ফিজিবিলিটি স্ট্যাডি'র জন্য বিয়ামের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।	প্রকল্প প্রণয়নের লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৩২	কক্সবাজার জেলায় স্পোর্টস ট্যুরিজম কমপ্লেক্স নির্মাণ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	কক্সবাজার জেলার সদর উপজেলার ঝিলংজা মৌজার ২২৮০ খতিয়ানের বিভিন্ন দাগে ৪৯.১২৫০ একর জমি আছে। উক্ত জমিতে বর্তমানে দুইটি ক্রিকেট খেলার মাঠ রয়েছে। ২০২১ সালে কক্সবাজার স্টেডিয়ামকে আধুনিকায়নসহ স্পোর্টস টুরিজম এর জন্য পাঁচ তারকা মানের হোটেল নির্মাণসহ একটি প্রকল্প প্রণয়নের জন্য ফিজিবিলিটি স্টাডি করা হয়। কক্সবাজারে পর্যটনের অপার সম্ভাবনা থাকায় স্পোর্টস ট্যুরিজম ইন কক্সবাজার' প্রকল্পটি গত ২০/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক জিওবি অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ৩০/১১/২০২৫ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদে পত্র দেওয়া হয়। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত স্পোর্টস ট্যুরিজম সংশ্লিষ্ট Amusement Event (যেমন-বিচ ফুটবল, ফুটসাল, সাইক্লিং, স্কোয়াশ ইত্যাদি) এবং ফুড কোর্টসহ প্রয়োজনীয় সকল অঙ্গ অন্তর্ভুক্ত করে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করার কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। ।	প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে প্রকল্প প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরন করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩৩	চট্টগ্রাম জেলায় স্পোর্টস ট্যুরিজম কমপ্লেক্স নির্মাণ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় ক্রীড়া পরিষদ**	চট্টগ্রাম জেলায় স্পোর্টস ট্যুরিজম কমপ্লেক্স নির্মাণ প্রকল্প গ্রহণের লক্ষ্যে ৩৩.০৫ একর জমি জাতীয় ক্রীড়া পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য ইতোমধ্যে ০২ আগস্ট ২০২৬ তারিখে জেলা প্রশাসক বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি এ বিষয়ে জেলা প্রশাসন, চট্টগ্রাম এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	জমি জাতীয় ক্রীড়া পরিষদের অনুকূলে বরাদ্দের জন্য জেলা প্রশাসন, চট্টগ্রাম এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৩৪	ঢাকাস্থ গুলশান আরবান ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ। **বাস্তবায়নকারী সংস্থা:** জাতীয় ক্রীড়া পরিষদ	প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১২ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় ঢাকাস্থ গুলশান আরবান ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ ও পরিচালনা কার্যক্রম পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) মডেলে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং এ লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই, বেসরকারি অংশীদার নির্বাচন এবং প্রযোজ্য বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি PPP এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য বিনিয়োগকারী প্রতিষ্ঠান সন্ধানের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পটি PPP এর মাধ্যমে বাস্তবায়নের জন্য বিনিয়োগকারী প্রতিষ্ঠান সন্ধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩৫	জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কমপ্লেক্স নির্মাণ এবং সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প। বাস্তবায়নকারী সংস্থা: **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**	জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডিসহ একটি প্রকল্প প্রণয়ন করা হয়। সর্বশেষ গত ২৮ মার্চ ২০২৪ তারিখে প্রকল্পের যাচাই সভা অনুষ্ঠিত হয়। যাচাই সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া গেছে। প্রস্তাবিত প্রকল্পের স্থাপত্য নকশা মন্ত্রণালয়ে উপস্থাপন করা হয়। সচিব মহোদয় উক্ত ইনস্টিটিউট এর প্রস্তাবিত জায়গাটি সরেজমিনে পরিদর্শনের জন্য যুব অনুবিভাগ ও পরিকল্পনা অনুবিভাগের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। সে অনুযায়ী যুব অনুবিভাগ ও পরিকল্পনা অনুবিভাগের কর্মকর্তাগণ গত ২১/০১/২০২৬ তারিখ প্রস্তাবিত স্থানটি পরিদর্শন করেন। প্রস্তাবিত প্রকল্পের মাস্টার প্ল্যান ও স্থাপত্য নকশা সংক্রান্ত পর্যালোচনা সভা এ মন্ত্রণালয়ে গত ২৩-০২-২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। স্থাপত্য অধিদপ্তর হতে ভবনের উচ্চতা সংক্রান্ত ছাড়পত্রের বিষয়ে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটকে ০১/০৯/২০২৬ তারিখ পত্র প্রদান করা হয়েছে। সভাপতি কর্তৃক জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর সক্ষমতা বৃদ্ধিকরণের নিমিত্ত নতুন একটি প্রকল্প গ্রহণ এবং কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটি প্রক্রিয়াকরণ করার নির্দেশনা প্রদান করা হয়।	ক) অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে কমপ্লেক্সের মাস্টার প্ল্যান ও স্থাপত্য নকশা পুন:প্রণয়ন করতে হবে। খ) স্থাপত্য অধিদপ্তরের চাহিদা অনুযায়ী সিভিল এভিয়েশন হতে ভবনের উচ্চতা নির্ধারণের ছাড়পত্র গ্রহণ করতে হবে। গ) জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প গ্রহণ করতে হবে।	জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট/ উন্নয়ন উইং, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

০৩। পরিশেষে সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫-১১-২০২৬
মোঃ মাহফুজুল আলম খান
সচিব (ভারপ্রাপ্ত)

তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৯৪.৯৯.০১৮৭.১৭.২০৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর।
২। যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
৪। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (ক্রীড়া সংক্রান্ত), উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৬। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।
৭। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ।
৮। যুগ্মসচিব (যুব সংক্রান্ত), উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১০। পরিচালক, পরিচালকের দপ্তর, ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স-২ ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। যুগ্মসচিব, পরিকল্পনা-৩ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১২। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১৩। উপসচিব, পরিকল্পনা -১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১৪। পরিচালক (পরি: ও উ:), পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, জাতীয় ক্রীড়া পরিষদ।
১৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধস হ)।
১৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

০৮-১১-২০২৬
মোসাঃ তানিয়া ফেরদৌস
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)